



বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +০৮৮-২-৪৮১১৮৮১৫, ৪৮১১৩৭৫৪, ৫৮১৫১৪০৯, ৫৮১৫১৩৯৪, ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

www.bilsbd.org

তারিখ: ১৪ জুন ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

ন্যায়সংগত এবং শোভন কর্মপরিবেশ বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে 'বিল্‌স একাডেমি'র উদ্বোধন

জাতীয় ও আন্তর্জাতিক শ্রম ইস্যু, আইন, নীতি, মানদণ্ড, জেডার সমতা, নেতৃত্বের উন্নয়নসহ শ্রম ও ট্রেড ইউনিয়ন বিষয়ক বিভিন্ন ইস্যুতে একাডেমিক প্রশিক্ষণকে পূর্ণাঙ্গরূপে চালু করার লক্ষ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স এর প্রশিক্ষণ বিভাগ 'বিল্‌স একাডেমি' হিসেবে যাত্রা শুরু করেছে। আজ ১৪ জুন ২০২১ একটি ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে বিল্‌স একাডেমির উদ্বোধন ঘোষণা করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিল্‌স চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ।

উদ্বোধনী অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে বিল্‌স মহাসচিব ও নির্বাহী পরিচালক নজরুল ইসলাম খান বলেন, এতদিন বিল্‌স এর প্রশিক্ষণের মূল অংশগ্রহণকারী ছিলেন জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মী। বর্তমানে বিভিন্ন কারখানায় মধ্যম পর্যায়ের ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা, শ্রম আদালতের নতুন আইনজীবী, চাকুরিপ্রার্থী ও আগ্রহী যুব ট্রেড ইউনিয়ন কর্মীদের আন্তর্জাতিক শ্রম মান, শ্রমসংশ্লিষ্ট আইন ও শ্রমিক অধিকার, শ্রমিক-মালিক সম্পর্ক উন্নয়ন, পেশাগত স্বাস্থ্য-নিরাপত্তা, টেকসই শিল্প সম্পর্ক স্থাপন, কার্যকর যোগাযোগ, সামাজিক সংলাপ, যৌথ দরকষাকষির মাধ্যমে শিল্প বিরোধ ও শ্রম অসন্তোষ নিষ্পত্তি বিষয়ে জ্ঞান ও দক্ষতার উন্নয়ন এবং মনোভাবের পরিবর্তন সাধন করার লক্ষ্যে বিল্‌স একাডেমি যাত্রা শুরু করেছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ও বিল্‌স ভাইস চেয়ারম্যান শিরীন আখতার, এমপি বলেন, বিল্‌স একাডেমির যাত্রা শ্রম এবং ট্রেড ইউনিয়ন বিষয়ক একাডেমিক প্রশিক্ষণে নতুন মাত্রা যোগ করবে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য শামসুন্নাহার ভূইয়া, এমপি বলেন, বিল্‌স একাডেমির প্রশিক্ষণের মাধ্যমে শুধু শ্রমিক বা ট্রেড ইউনিয়ন নেতৃত্ববৃন্দই নয় শিল্প কারখানার মধ্যম সারির কর্মকর্তারাও প্রশিক্ষণ নিয়ে সুষ্ঠু শিল্প সম্পর্ক বজায় রাখতে ভূমিকা পালন করতে পারবেন।

সাবেক মন্ত্রী ও ইন্ডাস্ট্রিঅল বাংলাদেশ কাউন্সিল (আইবিসি) সভাপতি শাহজাহান খান, এমপি বলেন, বিল্‌স একাডেমি উদ্বোধনের মাধ্যমে সবার সম্মিলিত প্রয়াসে শ্রমিক শ্রেণীর অধিকার সুরক্ষিত হবে।

আঞ্চলিক ভাষায় ম্যাসিভ ওপেন অনলাইন কোর্স চালু করার ক্ষেত্রে বিল্‌স গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে উল্লেখ করে গ্লোবাল লেবার ইউনিভার্সিটির অনলাইন একাডেমির নির্বাহী পরিচালক এডলিরা জাহাফা বলেন, বিল্‌স একাডেমি ট্রেড ইউনিয়ন নেতৃত্ববৃন্দের প্রশিক্ষণ সহ শিক্ষাবিদ, উন্নয়ন কর্মী, ছাত্র যারা শ্রম অধিকার সংশ্লিষ্ট কর্মীদের শ্রম বিষয়ে দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

শ্রমিক নিরাপত্তা ফোরামের আহ্বায়ক ড. হামিদা হোসেন বলেন, শুধু জ্ঞান অর্জনের জন্যই নয়, ব্যবহারিক ক্ষেত্রেও যেন প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শ্রমিক নিরাপত্তা ফোরামের সাথে সংশ্লিষ্ট সংগঠনসমূহের কর্মীদের তিনি এ প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত করার আহ্বান জানান।

বিল্‌স একাডেমির যাত্রাকে স্বাগত জানিয়ে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বিল্‌স একাডেমির প্রশিক্ষণ শুধুমাত্র শ্রমিক বা ট্রেড ইউনিয়ন নেতৃত্ববৃন্দের মধ্যেই নয় বরং অন্যান্য যারা শিল্প বা শ্রমের সাথে জড়িত তাদেরও এ প্রশিক্ষণের আওতায় নিয়ে আসতে হবে। এসময় তিনি কারখানার শিল্প সম্পর্ক বিষয়ক কর্মকর্তাদের এ ধরনের প্রশিক্ষণ বাধ্যতামূলক করার আহ্বান জানান।

এসএনভির আরএমজি ইনকুসিভ বিজনেস প্রোগ্রামের টিম লিডার পার্থিবা রাহাত খান বলেন, কোভিড মহামারি সময়েও বিল্‌স শ্রমিকদের জন্য কাজ করেছে। বিল্‌স এসএনভির সাথে প্রায় ২০০ কারখানায় দেশীয় আইন ও আন্তর্জাতিক মানদণ্ড ও শ্রমিকের কল্যাণ ও সুরক্ষা বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেছে যার মাধ্যমে বর্তমানে অনেক কারখানাতেই শ্রমিকের কল্যাণ ও সুরক্ষা বিষয়ক কার্যক্রম শুরু হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন, ন্যাশনাল কোঅর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কাস এডুকেশন (এনসিসিডব্লিউই) চেয়ারম্যান ও জাতীয় শ্রমিক লীগের ভারপ্রাপ্ত সভাপতি নূর কুতুব আলম মান্নান, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ (স্কপ) যুগ্ম সমন্বয়কারী শহীদুল্লাহ চৌধুরী, ড্যানিশ ট্রেড ইউনিয়ন ডেভেলপমেন্ট (ডিটিডিএ) এর হেড অফ এসআরও পিটার লুনডিং, ফ্রেডরিক-ইবার্ট-সিফটুং (এফইএস) বাংলাদেশের আবাসিক প্রতিনিধি ফেলিক্স করভিটজ, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর ও প্রকল্প পরিচালক মোঃ মাহবুব উল আলম, আইএলও সাউথ এশিয়ার ডিসেন্ট ওয়ার্ক টেকনিকেল টিমের ওয়ার্কাস অ্যাক্টিভিটিস স্পেশালিস্ট সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর রাজশাহীর উপপরিচালক মাহফুজুর রহমান ভূইয়া, বিল্‌স পরিচালক কোহিনূর মাহমুদ ও নাজমা ইয়াসমীন প্রমুখ। এছাড়া জাতীয় ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি বেসরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধি ও নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে.



মামুন অর রশিদ
তথ্য কর্মকর্তা, বিল্‌স
০১৯১৪৮৯১২২৩